



রাজগঞ্জের টাকিমারিতে মডেল অঙ্গনওয়াড়ি কেন্দ্র তৈরির কাজ চলছে। ছবি : রঞ্জিত বিহাস

‘উত্তরবঙ্গের সেবা’ অঙ্গনওয়াড়ি কেন্দ্র হচ্ছে টাকিমারিতে

রাজগঞ্জ, ২৩ ফেব্রুয়ারি : উত্তরবঙ্গের মধ্যে সেরা অঙ্গনওয়াড়ি কেন্দ্র তৈরি করা হচ্ছে রাজগঞ্জ রুকের টাকিমারি গ্রামে। কেন্দ্রীয় সরকারের এমজিএন- আরইজিএস প্রকল্প এবং রাজা সরকারের আর্থিক সহযোগিতায় প্রায় ১২ লক্ষ টাকা ব্যয়ে অঙ্গনওয়াড়ি কেন্দ্রটি তৈরি হচ্ছে। ছোট্টদের পছন্দের টোলকপূর গ্রামের আঙ্গনে করা হচ্ছে অঙ্গনওয়াড়ি কেন্দ্রটি।

মাস্তাদারি গ্রাম পঞ্চায়েতের প্রযুক্তি সহায়ক শুভাশিস সাহা জানিয়েছেন, উত্তরবঙ্গের মধ্যে এটিই প্রথম মডেল অঙ্গনওয়াড়ি কেন্দ্র হবে। কলকাতায় হতেগোনা যে কয়েকটি মডেল অঙ্গনওয়াড়ি কেন্দ্র তৈরি হয়েছে, তাকে টেক্সা দেওয়ার চেষ্টা চলছে। এরজন্য আরও অর্থের প্রয়োজন হলে বিভিন্ন অফিস এবং মাস্তাদারি গ্রাম পঞ্চায়েত

থেকে সহযোগিতার আশ্বাস দেওয়া হয়েছে। এই কাজের তদারকির দায়িত্বে থাকা অক্ষয় দাস এবং গ্রাম পঞ্চায়েত প্রধান হরিপদ রায় বলেন, ‘রাজগঞ্জ রুকের মাস্তাদারি গ্রাম পঞ্চায়েত এলাকার প্রত্যন্ত গ্রাম টাকিমারি। তিস্তার চরে গড়ে ওঠা এই গ্রামটির প্রায় তিনদিকে বেক্কাপূর জঙ্গল এবং একদিকে তিস্তা নদী। শিলিগুড়ি বা জলপাইগুড়ি শহর

থেকে অনতিদূরে এই গ্রামে বেশিরভাগই গরিব কৃষক পরিবার। শিক্ষা, স্বাস্থ্য, বোগাযোগ ব্যবস্থা সহ অনেক কিছুই অভাব রয়েছে তিস্তার চরের এই গ্রামটিতে। এত অভাবের মাঝেও একটি সেরা মডেল অঙ্গনওয়াড়ি কেন্দ্র তৈরি হতে চলায় খুশিতে গ্রামবাসীরা। রাজ্যের সেরা অঙ্গনওয়াড়ি কেন্দ্র তৈরি করার জন্য এলাকার মানুষও সহযোগিতার হাত বাড়িয়ে

দিয়েছেন। অঙ্গনওয়াড়ি কেন্দ্রটির নাম রাখা হয়েছে টোলকপূর। শিশুদের আনন্দ দেওয়ার জন্যই টোলকপূরের আদলে অঙ্গনওয়াড়ি কেন্দ্রটি তৈরি করা হচ্ছে। সেখানে থাকবে শিক্ষামূলক চিত্র এবং খেলাধুলার সরঞ্জাম। ঘরের মেঝে বসানো হবে টাইলস। স্কুলের চারদিকে লাগানো হবে ফুল ও ফলের গাছ। এছাড়া আরও অনেক কিছুর পরিকল্পনা

কাজ চলছে। তবে, আপাতত তা তিনি জানাতে চাননি। এব্যাপারে রাজগঞ্জের বিডিও পেমা শেরপা বলেন, ‘শিশুদের স্কলমুখী করার জন্য এবং তাদের আকর্ষণ বাড়াতে টাকিমারিতে উন্নতমানের আইসিডিএস স্কুল তৈরির কাজ চলছে। উত্তরবঙ্গের মধ্যে সেরা স্কুল করার পরিকল্পনা রয়েছে। সেই উদ্দেশ্যে জোরকদমে কাজ চলছে।’